## আরবী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

# আরবী জার্নালের জন্য প্রবন্ধ আহবান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরবী বিভাগ থেকে প্রকাশিত গবেষণা পত্রিকা **'আল-মাজাল্লাতুল 'আরাবিয়্যাহ'**-এর ২২তম সংখ্যার জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও গবেষকগণের কাছ থেকে গবেষণামূলক প্রবন্ধ আহবান করা যাচ্ছে। আগ্রহী প্রবন্ধকারদের নিম্নোক্ত বিষয়সমূহের প্রতি বিশেষ দৃষ্টি প্রদানের জন্য অনুরোধ রইলো:

১. এ জার্নালে কেবলমাত্র আরবী ভাষায় লিখিত প্রবন্ধ প্রকাশিত হবে ।

২. প্রবন্ধের বিষয়বস্তু আরবী ভাষা ও সাহিত্য, কুরআন, হাদিস, ইসলামের ইতিহাস, মুসলিম দর্শন প্রভৃতি বিষয়ক হওয়া বাঞ্ছনীয়।

৩. প্রবন্ধটি মৌলিক গবেষণালব্ধ হতে হবে।

৪. ইতোপূর্বে প্রকাশিত অথবা এর কাছাকাছি শিরোনামের কোন প্রবন্ধ গ্রহণযোগ্য হবে না।

৫. প্রবন্ধের প্রারম্ভে সর্বোচ্চ **অর্ধপৃষ্ঠার** মধ্যে ইংরেজিতে এর সারসংক্ষেপ (Abstract) দিতে হবে। Abstract-এ Key words থাকা বাধ্যতামূলক।

৬. কম্পিউটারে স্বাভাবিক সাইজের Traditional Arabic অথবা Akhbar MT কিংবা এর কাছাকাছি কোন ফন্টে কম্পোজ করে প্রবন্ধ পাঠাতে হবে, যাতে এম এস ওয়ার্ড প্রোগ্রামে সুবিধামত ফন্ট ও সাইজ পরিবর্তন করা যায়। সম্পাদনের সুবিধার্থে প্রবন্ধ **১৬** পয়েন্টে এক লাইন ফাঁকা রেখে কম্পোজ করা বাঞ্ছনীয়। প্রবন্ধটি সর্বোচ্চ **১৫** পৃষ্ঠার মধ্যে হবে এর বেশী হলে তা গ্রহণ করা হবে না।

৭. প্রবন্ধের চতুর্দিকে যথেষ্ট মার্জিনসহ A4 সাইজের কাগজের এক পৃষ্ঠায় প্রিন্ট করে (হার্ড কপি) জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

৮. কোন প্রবন্ধে যদি চৌর্যবৃত্তির বা অন্যের লেখা চুরি করার প্রবণতা (Practice of Stealing or Plagiarism) পরিলক্ষিত হয় তার দায়-দায়িত্ব লেখককেই নিতে হবে। সম্পাদনা পরিষদ এজন্য দায়ী থাকবে না।

৯. প্রবন্ধ প্রেরণ ও যোগাযোগের ঠিকানা: সম্পাদক, আরবী জার্নাল, আরবী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
ফোন: ০২৯৬৬১৯০০/৬১০১, ৬১১৪; মোবাইল: ০১৯৭১-০৪৩০৬৫
email: dakadir2013@yahoo.com; ehsanh74@yahoo.com

জার্নালের আগামী সংখ্যায় প্রকাশের জন্য প্রবন্ধ **১৫.১১.২০১৮** তারিখের মধ্যে সম্পাদকের দপ্তরে পৌঁছাতে হবে।

(অধ্যাপক ড. মো. আবদুল কাদির)
সম্পাদক
আল-মাজাল্লাতুল 'আরাবিয়্যাহ
আরবী বিভাগ. ঢা.বি.